

💵 ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ ছালাত বিষয়ে জ্ঞাতব্য (معلوماة في الصلاة) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

২. ছালাতের ফরিয়াত ও রাক আত সংখ্যা (افع فرضية الصلوة وعدد ركعاتها)

নবুঅত প্রাপ্তির পর থেকেই ছালাত ফরয হয়। তবে তখন ছালাত ছিল কেবল ফজরে ও আছরে দু' দু' রাক'আত করে (কুরতুবী)। যেমন আল্লাহ স্বীয় রাসূলকে বলেন, الْ الْعُشِيِّ وَالْإِبْكَارِ 'আপনি আপনার প্রভুর প্রশংসা জ্ঞাপন করুন সূর্যান্তের পূর্বে ও সূর্যোদয়ের পূর্বে'।[3] আয়েশা (রাঃ) বলেন, শুরুতে ছালাত বাড়ীতে ও সফরে ছিল দু' দু' রাক'আত করে।[4] এছাড়া রাসূল (ছাঃ)-এর জন্য 'অতিরিক্ত' (الْعَلَةُ) ছিল তাহাজ্জুদের ছালাত (ইসরা/বনু ইম্রাঈল ১৭/৭৯)। সেই সাথে ছাহাবীগণও নিয়মিতভাবে রাত্রির নফল ছালাত আদায় করতেন।[5] মি'রাজের রাত্রিতে দৈনিক পাঁচ ওয়াক্ত ছালাত ফরয করা হয়।[6] উক্ত পাঁচ ওয়াক্ত ছালাত হ'ল- ফজর, যোহর, আছর, মাগরিব ও এশা।[7] এছাড়া রয়েছে জুম'আর ফরয ছালাত, যা সপ্তাহে একদিন শুক্রবার দুপুরে পড়তে হয়।[8] জুম'আ পড়লে যোহর পড়তে হয় না। কেননা জুম'আ হ'ল যোহরের স্থলাভিষিক্ত। [9]

পাঁচ ওয়াক্ত ফরয ছালাতে দিনে-রাতে মোট ১৭ রাক'আত ও জুম'আর দিনে ১৫ রাক'আত ফরয এবং ১২ অথবা ১০ রাক'আত সুন্নাতে মুওয়াক্কাদাহ। যেমন(১) ফজর : ২ রাক'আত সুন্নাত, অতঃপর ২ রাক'আত ফরয (২) যোহর : ৪ অথবা ২ রাক'আত সুন্নাত, অতঃপর ৪ রাক'আত ফরয। অতঃপর ২ রাক'আত সুন্নাত (৩) আছর : ৪ রাক'আত ফরয (৪) মাগরিব : ৩ রাক'আত ফরয। অতঃপর ২ রাক'আত সুন্নাত (৫) এশা : ৪ রাক'আত ফরয। অতঃপর ২ রাক'আত সুন্নাত। অতঃপর শেষে এক রাক'আত বিতর।

জুম'আর ছালাত ২ রাক'আত ফরয। তার পূর্বে মসজিদে প্রবেশের পর বসার পূর্বে কমপক্ষে ২ রাক'আত 'তাহিইয়াতুল মাসজিদ' এবং জুম'আ শেষে ৪ অথবা ২ রাক'আত সুন্নাত। উপরে বর্ণিত সবগুলিই রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিয়মিত আমল দ্বারা নির্ধারিত এবং ছহীহ হাদীছ সমূহ দ্বারা প্রমাণিত, [10] যা অত্র বইয়ের সংশ্লিষ্ট অধ্যায় সমূহে দ্রষ্টব্য।

ফুটনোট

- [3] . গাফির/মুমিন ৪০/৫৫; মিরআত ২/২৬৯।
- [4] . মুসলিম হা/৬৮৫; আবুদাউদ হা/১১৯৮; ফিরুহুস সুন্নাহ ১/২১১।
- [5] . মুযযাম্মিল ৭৩/২০; তাফসীরে কুরতুবী।
- [6] . মুত্তাফার্ক 'আলাইহ, মুসলিম, মিশকাত হা/৫৮৬২-৬৫ 'ফাযায়েল ও শামায়েল' অধ্যায়-২৯, 'মি'রাজ'



অনুচ্ছেদ-৬।

- [7] . আবুদাউদ হা/৩৯১, ৩৯৩ 'ছালাত' অধ্যায়-২, অনুচ্ছেদ-১।
- [8] . জুম'আ ৬২/৯; মুব্রাফার্র্ক 'আলাইহ, মিশকাত হা/১৩৫৪, 'জুম'আ' অনুচ্ছেদ-৪২।
- [9] . ফিক্বন্স সুনাহ ১/২২৭।
- [10] . দ্র: ছহীহ ইবনু খুযায়মা 'ছালাত' অধ্যায়, ২ অনুচ্ছেদ; নাসাঈ 'ছালাত' অধ্যায়-৫, অনুচ্ছেদ-৩।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9170

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন